

তারিখ: ১৭ জানুয়ারি, ২০২৩খ্রি.

প্রেস বিজ্ঞপ্তি

আজ ১৭/০১/২০২৩ খ্রিস্টাব্দ তারিখ মঙ্গলবার বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট জনাব মাহবুব হাসান এর নেতৃত্বে **Garlic 'n Ginger** রেস্টুরেন্ট, ধানমন্ডি, ঢাকা মোবাইল কোর্ট পরিচালনা করা হয়।

অভিযানকালে রেস্টুরেন্টটিতে খোলা ডাস্টবিন, অত্যন্ত অপরিষ্কার-অপরিচ্ছন্ন রান্নাঘর, লেভেলিং প্রবিধানমালা- ২০১৭ লঙ্ঘনসহ নানাবিধ অসজ্ঞাতি পরিলক্ষিত হয়।

এছাড়া প্রতিষ্ঠানটি তাদের হালনাগাদ ফায়ার লাইসেন্স প্রদর্শনে ব্যর্থ হয়। এ সকল অপরাধে **Garlic 'n Ginger** রেস্টুরেন্ট কর্তৃপক্ষকে নিরাপদ খাদ্য আইন ২০১৩ এর বিধান অনুযায়ী ২,০০,০০০/- (দুই লক্ষ টাকা) অর্থদণ্ড, অনাদায়ে তিন মাস বিনাশ্রম কারাদণ্ড প্রদান করা হয়। এসময় প্রতিষ্ঠানটি তাৎক্ষণিক অর্থদণ্ড প্রদানে সম্মত হলে তা আদায় করা হয়।

প্রতিষ্ঠান কর্তৃপক্ষকে খাদ্যদ্রব্য উৎপাদন, সংরক্ষণ, প্রক্রিয়াকরণ, মজুদ ও বিক্রয়ে নিরাপদ খাদ্য আইনের সংশ্লিষ্ট বিধি অনুযায়ী পরিষ্কার পরিচ্ছন্নতা বজায় রাখা, খাদ্য সংরক্ষণ ও ভোক্তাদের স্বাস্থ্য ঝুঁকি এড়াতে নিয়ম মানতে নির্দেশনা দেয়া হয় এবং নিরাপদ খাদ্য নিশ্চিতকরণে করণীয় সম্পর্কে দিকনির্দেশনা সংবলিত পোস্টার প্রদান করা হয়। প্রতিষ্ঠান কর্তৃপক্ষ নির্দেশনা মেনে চলবেন বলে অঙ্গীকার করেন।

অভিযানকালে বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের নিরাপদ খাদ্য পরিদর্শক ছানোয়ার হোসেন, অন্যান্য স্টাফ ও আনসার ব্যাটালিয়ন এর একটি চৌকস টিম উপস্থিত ছিলেন।



(ড. সহদেব চন্দ্র সাহা)
পরিচালক (উপসচিব)

খাদ্যের বিশুদ্ধতা পরিবীক্ষণ ও বিচারিক কার্যক্রম বিভাগ

ই-মেইল: director.enforcement@bfsa.gov.bd

ফোনঃ ২২২২২৩৪৮১

বিতরণঃ

- ১। সদস্য (আইন ও নীতি), বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ২। সচিব, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ৩। পরিচালক, খাদ্যের বিশুদ্ধতা পরিবীক্ষণ ও বিচারিক কার্যক্রম বিভাগ, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ৪। পিএস টু চেয়ারম্যান, (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য), বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ৫। সহকারী পরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৬। অফিস কপি।